দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১.২ কলাম ... ৬ .....

### হল দখলের সময় বন্দুকযুদ্ধের ঘটনা

# ঢা.বি থেকে ছাত্রদলের ৪ এবং ছাত্রলীগের ২ জন বহিষ্কৃত

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ ও জহুরুল হক হল দখলের সময় বন্দুকযুদ্ধের ঘটনায় চারজন ছাত্রদলের এবং ছাত্রলীগের দুইজন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার এবং ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। ঘটনার তদন্ত রিপোর্টের ভিত্তিতে গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা পরিষদের এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। দুপুর ১২টায় উপাচার্য কার্যালয়ে উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ্ চৌধুরীর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

বহিষ্কৃতদের মধ্যে রয়েছে ছাত্রদলের আবদুল মান্নান, ফরহাদ, সাহাবুদ্দীন মুন্না, ফয়সাল ও সুমন। ছাত্রলীগের দুইজন হলো জহুরুল হক হলের ছাত্রলীগ সভাপতি মঈনুদ্দিন বাবু এবং মিঠু।

হল দখলের ঘটনায় এই ৬ জন ছাড়াও আরো কয়েকজনকে অস্ত্রহাতে দেখা গেলেও কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা হল ঃ পৃঃ ১ কঃ ৪

**হল ঃ দখল**

(১২-এর পৃষ্ঠার পর)

নেননি। এ নিয়ে ক্যাম্পাসে কানাঘুষা শুরু হয়েছে।

এছাড়া এই সাময়িক বহিষ্কার আগের মতো বছরের পর বছরের জন্য হবে, না কতদিনের হবে তা নিয়েও প্রশ্ন উঠেছে। এই ৬ জনকে ক্যাম্পাসে দেখামাত্রই গ্রেফতারের নির্দেশ থাকলেও তা কতটুকু কার্যকর হবে তা বিবেচ্য বিষয়। প্রধানমন্ত্রী খালেদা জিয়া এই ঘটনায় যেসব ক্যাডারকে অস্ত্রহাতে ছবি পত্রিকায় প্রকাশিত হয়েছে তাদেরকে গ্রেফতারের জন্য পুলিশকে নির্দেশ দিলেও সে সব ক্যাডার পুলিশের সামনেই ক্যাম্পাসে ঘোরাফেরা করছে। গত বুধবার রাতে এমন কয়েকজন ক্যাডারকে সূর্যসেন হলে দেখা গেছে। পুলিশ এই ঘটনার জন্য সুমন ও ভগবত নামে যে দু'জনকে গ্রেফতার করেছে তাদের সংশ্লিষ্ট ঘটনার সাথে সম্পৃক্ততা নিয়েও প্রশ্ন উঠেছে।

উল্লেখ্য, গত ১৩ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ ও জহুরুল হক হল দখল নিয়ে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে বন্দুকযুদ্ধ হয় এবং ছাত্রদল জয়ী হয়ে হল দুটি দখল করে নেয়। এই ঘটনার সময় অস্ত্রহাতে বন্দুকযুদ্ধকারীদের ছবি বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত হয়। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৫ই নভেম্বর প্রক্টর ড. নজরুল ইসলামকে আহ্বায়ক করে ৬ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেন এবং ৭ দিনের মধ্যে রিপোর্ট দেয়ার জন্য উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী তদন্ত কমিটিকে নির্দেশ দেন। কিন্তু প্রথম সাতদিনের পরিবর্তে তদন্তের সময় আরো সাতদিন বাড়ানো হয়। গতকাল ছিল তদন্ত রিপোর্ট দেয়ার শেষদিন।

এদিকে গতকাল বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে বঙ্গবন্ধু হলের দীপু নামে এক ছাত্রলীগ কর্মীকে ছাত্রদলের কয়েকজন ক্যাডার বেদম প্রহার করেছে।